দৈনিক সংবাদ

তারিখ 0.1 JAN 1991
পৃষ্ঠা ১ কলাম ২

22

# রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

রাজশাহী, ৩১শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।–রাজশাহী মেডিক্যাল কলেজ আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করা হয়েছে। আজ বিকেল ৪টার মধ্যে সকল ছাত্রছাত্রীকে হোস্টেল ছাড়ার নির্দেশ দেয়া হয়। অন্যদিকে রাজশাহী মেডিক্যাল কলেজ

( ১১–এর পাতায় দেখুন )

## রাজশাহী মেডিক্যাল

( ১ম পাতার পর )

কেন্দ্রীয় ছাত্র ইউনিয়ন (রামেকসু) ও সর্বদলীয় ছাত্রঐক্য মেডিক্যাল কলেজ খোলা রাখার ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত বৈঠক চলছিল।

গতকাল রোববার গভীর রাতে দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয় এবং এতে একজন আহত হয়েছে। এ সময় ব্যাপক বোমাবাজি ও গুলীর শব্দও শোনা যায়। সর্বদলীয় ছাত্রঐক্য রাতে বিষয়টি নিষ্পত্তির চেষ্টা করে ব্যর্থ হয় বলে জানা গেছে।

আজ সকালে পুনরায় উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে কর্তৃপক্ষ মেডিক্যাল কলেজ অনির্দিষ্ট–কালের জন্য বন্ধ ঘোষণার সিদ্ধান্ত নেন।